



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১

বিআরপিডি-১ সার্কুলার লেটার নং-৩২

১৭ সেপ্টেম্বর ২০২৬

তারিখ: -----

০২ আশ্বিন ১৪৩৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

“বন্ধ শিল্প ও সেবা খাত সহায়ক প্রাক-অর্থায়ন স্কিম” গঠন প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত বিআরপিডি-১ সার্কুলার নং-১৩, তারিখ ০৪ জুন ২০২৬ এবং বিআরপিডি-৩ সার্কুলার লেটার নং-০১, তারিখ ০৭ জুলাই ২০২৬ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। সূত্রোক্ত সার্কুলার ও সার্কুলার লেটারের মাধ্যমে “বন্ধ শিল্প ও সেবা খাত সহায়ক প্রাক-অর্থায়ন স্কিম” (Closed Industry and Service Sector Facilitation Pre-finance Scheme) শিরোনামীয় ২০,০০০ (বিশ হাজার) কোটি টাকার একটি স্কিম গঠনকরত এ সংক্রান্ত অনুসরণীয় নীতিমালা জারি করা হয়। এক্ষেপে, উক্ত স্কিমের কার্যকর বাস্তবায়নের নিমিত্ত নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরণীয় হবে:

ক) বিআরপিডি-১ সার্কুলার নং-১৩/২০২৬ ও বিআরপিডি-৩ সার্কুলার লেটার নং-০১/২০২৬ এর বিভিন্ন স্থানে উল্লেখিত ‘বৃহৎ শিল্প’ শব্দদ্বয় ‘শিল্প’ শব্দটি দ্বারা প্রতিস্থাপন করা হলো;

খ) বিআরপিডি-১ সার্কুলার নং-১৩/২০২৬ এর ১১, ১২(ক) এবং ১৪(ক) নং অনুচ্ছেদ নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হলো:

“১১। ব্যাংক পর্যায়ে সুদ হার: ব্যাংকসমূহ কর্তৃক গৃহীত প্রাক-অর্থায়ন স্কিমের বিপরীতে ৪% হারে বাংলাদেশ ব্যাংক-কে সুদ প্রদান করতে হবে। এক্ষেত্রে প্রাক-অর্থায়ন গ্রহণের ছয় মাস পর হতে সুদ প্রদান (প্রথম দুটি ত্রৈমাসিকের বকেয়া সুদসহ) শুরু করতে হবে।”

“১২। গ্রাহক পর্যায়ে সুদ হার ও অন্যান্য চার্জস: (ক) স্কিমের আওতায় গ্রাহক পর্যায়ে সুদ হার হবে সর্বোচ্চ ৭%। আলোচ্য প্যাকেজের আওতায় ০৬ মাস গ্রেস পিরিয়ড প্রদানের লক্ষ্যে ঋণ বিতরণের ছয় মাস পর হতে সুদ আদায় (প্রথম দুটি ত্রৈমাসিকের বকেয়া সুদসহ) শুরু করতে হবে।”

“১৪। আদায় ও তদারকি: (ক) প্রাক-অর্থায়ন বাবদ ব্যাংক কর্তৃক গৃহীত ঋণের বিপরীতে গ্রেস পিরিয়ড সমাপণান্তে ত্রৈমাসিক ভিত্তিতে বাংলাদেশ ব্যাংক-কে সুদ পরিশোধ করতে হবে;”

গ) এতদ্ব্যতীত, উক্ত সার্কুলারের অনুচ্ছেদ নং- ১০(গ) এর পর ১০(ঘ) অনুচ্ছেদ নিম্নরূপ সংযোজন করা হলো:

“১০। ঋণ সীমা ও মেয়াদ: (ঘ) আলোচ্য স্কিমের আওতায় তহবিলের প্রাপ্যতা থাকা সাপেক্ষে স্কিমের মেয়াদকালীন অর্থাৎ ৩ বছরের মধ্যে যেকোনো সময়ে প্রাক-অর্থায়নের সুবিধা প্রাপ্তির জন্য আবেদন করা যাবে।”

৩। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হল, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(গাজী মোঃ মাহফুজুল ইসলাম)

পরিচালক (বিআরপিডি-১)

ফোন: ৯৫৩০২৫২